বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৫৯

তারিখ: ২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এর আওতাধীন দেশব্যাপী স্থায়ী ভূ-গর্ভস্থ পানি সমতল পর্যবেক্ষণ নেটওয়ার্কে Bangladesh- Weather and Climate Services Regional Project, (BWCSRP) (Component-B) প্রকল্পের মাধ্যমে নতুন ভাবে সংযুক্ত ভূ-গর্ভস্থ পানি সমতল পর্যবেক্ষণ কূপসহ পূর্ববর্তী কূপ-সমূহের তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত কূপ পর্যবেক্ষণ কাজে জনবল নিয়োগ/নিযুক্তকরণ; কূপ-পর্যবেক্ষকগণের বেতন/ভাতা/মজুরি প্রদান পদ্ধতি, পরিমান, বৃদ্ধি নির্ধারণসহ ভূ-গর্ভস্থ পানি সমতল তথ্য-উপাত্ত সংগ্রহ বিষয় সংশ্লিষ্ট নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্র. নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | ড. মুহাম্মাদ মাহতাব হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিভার মরফোলজি এন্ড রিসার্স সার্কেল, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আব্দুল মালেক, নির্বাহী প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর) (চ.দা.), প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপ-পরিচালক (অহিনি), অর্থ-পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | জনাব মোঃ মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, পানি বিজ্ঞান তথ্য ও বন্যাপূর্বাভাস সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৭। | জনাব মোছা: শামীমা ইয়াসমিন, উপপরিচালক (ভূতত্ত্ব), গ্রাউন্ড ওয়াটার হাইড্রলজি প্রসেসিং ব্রাঞ্চ, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৮। | জনাব সাবিনা ইয়াসমিন, উপপরিচালক (ভূতত্ত্ব) (ভারপ্রাপ্ত), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৯। | জনাব মোঃ শাহদত আলী, উপপরিচালক (ভূতত্ত্ব), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা। | সদস্য -সচিব |

<u>কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR)</u>:

ক) কমিটির সদস্যগণ বাপাউবো'র ভূ-গর্ভস্থ পানি সমতল (Groud Water Level) পর্যবেক্ষণ স্থায়ী নেটওয়ার্কে বিদ্যমান এক/একাধিক স্বয়ংক্রিয় ও ম্যানুয়াল পর্যবেক্ষণ-কূপ/Observation-Well সরেজমিনে পরিদর্শন পূর্বক সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার/কূপ পর্যবেক্ষকগণের সাথে ফলপ্রসূ আলোচনাসহ তথ্য-উপাত্ত সংগ্রহের পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা অর্জন করবেন;

খ) কমিটি বিদ্যমান/পূর্ব-নিযুক্ত কূপ পর্যবেক্ষণ সংশ্লিষ্ট জনবল/পর্যবেক্ষক নিয়োগ/নিযুক্তকরণ, বেতন/মজুরি প্রদান পদ্ধতি সম্পর্কিত বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত যাচাই করবেন এবং প্রয়োজনীয় মতামতসহ সুপারিশ প্রদান করবেন;

গ) কমিটি উপযুক্ত তথ্য-উপাত্ত/সূত্র এর আলোকে ভূ-গর্ভস্থ পানি সমতল পর্যবেক্ষণ স্থায়ী নেটওয়ার্কে বিদ্যমান কূপ সংখ্যা, কার্যকারিতা ও কার্য-অবস্থা যথাযথভাবে পর্যালোচনা করে এ বিষয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামতসহ সুপারিশ প্রদান করবেন;

ঘ) পূর্ব-পদ্ধতি পর্যালোচনা পূর্বক ভূ-গর্ভস্থ পানি কূপ পর্যবেক্ষক/Ground Water Well Observer গণের উক্ত পর্যবেক্ষণ কাজে জনবল নিয়োগ/নিযুক্তকরণ/অব্যাহতি প্রদান সংক্রান্ত উপযুক্ত মতামতসহ সুপারিশ প্রদান করবেন;

ঙ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণে যথাযথভাবে কূপ পর্যবেক্ষকগণের ভাতা/মজুরি প্রদান পদ্ধতি, বেতন/ভাতা/সম্মানি/মজুরির পরিমাণ, বেতন/ভাতা/মজুরির সময়মাফিক বৃদ্ধি/পরিবর্তন, অর্থ বরাদ্দ/বরাদ্দের খাতসহ সংশ্লিষ্ট বিষয়ে যথাযথ মতামতসহ সুপারিশ প্রদান করবেন;

চ) কমিটি উন্নত ও সর্ব্বোচ্চ নাগরিক সেবা প্রদানে ভূ-গর্ভস্থ পানি সমতল তথ্যের বহুল ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদানসহ তথ্য-উপাত্ত/ডাটা সংগ্রহের পদ্ধতি সহজীকরণ বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদান করবেন;

ছ) কমিটি ভূ-গর্ভস্থ পানি সমতল পর্যবেক্ষণ স্থায়ী নেটওয়ার্ক হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে বিদ্যমান অন্যান্য প্রতিবন্ধকতা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় মতামতসহ সুপারিশ প্রদান করবেন;

জ) প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কর্ম-পরিকল্পনা প্রণয়ন, ম্যানুয়াল/সহায়িকা প্রণয়ন/প্রণয়নে মতামতসহ বিবিধ কার্যাবলী।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। ড. মুহাম্মাদ মাহতাব হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রিভার মরফোলজি এন্ড রিসার্স সার্কেল, বাপাউবো, ঢাকা।

২। জনাব মোঃ আব্দুল মালেক, নির্বাহী প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

~~৩। জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।~~

৪। জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর) (চ.দা.), প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপ-পরিচালক (অহিনি), অর্থ-পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৬। জনাব মোঃ মুশফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, পানি বিজ্ঞান তথ্য ও বন্যাপূর্বাভাস সার্কেল, বাপাউবো, ঢাকা।

৭। জনাব মোছা: শামীমা ইয়াসমিন, উপপরিচালক (ভূতত্ত্ব), গ্রাউন্ড ওয়াটার হাইড্রলজি প্রসেসিং ব্রাঞ্চ, বাপাউবো, ঢাকা।

৮। জনাব সাবিনা ইয়াসমিন, উপপরিচালক (ভূতত্ত্ব) (ভারপ্রাপ্ত), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-২, বাপাউবো, ঢাকা।

৯। জনাব মোঃ শাহদত আলী, উপপরিচালক (ভূতত্ত্ব), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা।

১৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৫৯/১ (১৪)

তারিখ: ২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৬। পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।
১৪। দপ্তর কপি।

১৭-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)